

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৮.২০-১২৭

তারিখঃ ২৪/০৯/২০২০ খ্রিঃ

**বিষয়ঃ** আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত জনবলের চুক্তি নবায়ন বিষয়ে ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ-জেএসএসজিএসএল/আসোজ/সিপিটিইউ/২০২০/৫১; তারিখঃ ১৮/০৮/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ পিপিআর এর বিধি-২(৪৩) অনুযায়ী 'ভৌত সেবা'র অন্তর্ভুক্ত। ভৌত সেবা চুক্তির মেয়াদ বৃদ্ধি বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-৭৬(৫) এ নিম্নরূপ সংস্থান রয়েছেঃ

“ভৌত সেবা প্রদানকারীর সহিত সম্পাদিত চুক্তি, সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপূর্বক, বৎসরভিত্তিক বা তদপেক্ষা স্বল্পতর সময়ের জন্য বৃদ্ধি করা যাইবে, যদি প্রতিযোগিতার ভিত্তিতে উক্ত সেবা প্রদানকারীকে কার্যাদেশ প্রদান করা হইয়া থাকে এবং ইতঃপূর্বকার চুক্তি অনুযায়ী প্রদত্ত সেবা সন্তোষজনকভাবে প্রতিপালিত হয়।”

০২। উপর্যুক্ত নির্দেশনা মতে বিধি-৭৬(৫) এর বিধান অনুযায়ী ক্রয়কারী ভৌত সেবার নিমিত্ত ক্রয়চুক্তি বছর ভিত্তিক বা তদপেক্ষা কম সময়ের জন্য বৃদ্ধি করতে পারে। এ ক্ষেত্রে কতবারের জন্য উক্ত চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাবে সে বিষয়ে ক্রয় আইন ও বিধিতে কোন সীমাবদ্ধতা আরোপ করা হয়নি। তবে কোন ক্রয় চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হবে কী না এবং হলে কত সময় এবং কত বারের জন্য এটি একান্তই ক্রয়কারীর এখতিয়ার। ক্রয় আইন ও বিধির (পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮) নির্দেশনা অনুযায়ী ক্রয়কারী এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

ব্যবস্থাপনা পরিচালক  
যমুনা স্টার সেভ গার্ড সার্ভিসেস লিঃ  
রোড নং-২০, বাড়ি নং-৪৫ (১ম তলা)  
ডিওএইচএস, মহাখালি, ঢাকা-১২০৬।

  
(মোহাম্মদ সালাহ উদ্দিন)  
উপ-পরিচালক  
ফোনঃ ৯১৪৪২৫৪/২০১

**অনুলিপি (জ্যেষ্ঠতার/কার্যার্থে):** জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।